

তালগাছের চারা রোপন সংক্রান্ত আলোচনা সভার কার্যবিবরণী ।

৩. সভাপতি : জনাব মোঃ সাইফুল ইসলাম ভূঞা, উপজেলা নির্বাহী অফিসার, দাগনভূঞা, ফেনী।

১. সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ, দাগনভূঞা, ফেনী।

২. সভার তারিখ ও সময় : ২৮/০৮/২০১৭ খ্রিঃ সময় বিকাল ৩.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট - 'ক') স্বাক্ষরের ক্রমানুসারে

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সম্প্রতি সারাদেশে বজ্রপাতে প্রাণহানির সংখ্যা আশংকাজনকভাবে বৃদ্ধি পেয়েছে। বজ্রপাতের ঝুঁকিহ্রাসে গ্রামীণ জনপদে তালগাছের একটি ইতিবাচক ভূমিকা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী বজ্রপাতের ঝুঁকিহ্রাসে তালগাছ রোপনের উপর গুরুত্বারোপ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করেছেন। সে প্রেক্ষিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বজ্রপাতের ঝুঁকিহ্রাসকল্পে কাবিটা কর্মসূচিতে নির্মিতব্য রাস্তার এক পাশে/ দুই পাশে তালগাছ রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করেছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

ক্র:নং	আলোচনা ও সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
০১	ইউনিয়ন পরিষদের সকল সদস্য, গ্রাম পুলিশ, আনসার ভিডিপি সদস্য সকলে অধিক সংখ্যক তালের বিচি সংগ্রহ করে আগামী ০৯/০৯/২০১৭ তারিখের মধ্যে ইউনিয়ন পরিষদে জমা করবেন।	ইউপি চেয়ারম্যানগণ এবং সংশ্লিষ্ট সকল।
০২	সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, শিক্ষার্থী, ম্যানেজিং কমিটি আগামী ১০/০৯/২০১৭ তারিখের মধ্যে অধিক সংখ্যক তালের বিচি সংগ্রহ করে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা করবেন।	উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/ম্যানেজিং কমিটি
০৩	স্ব-স্ব ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তাঁর ইউনিয়নের ৯ টি ওয়ার্ডে ৯টি রাস্তা তালগাছের চারা রোপনের জন্য আগামী ০৯/০৯/২০১৭ তারিখের মধ্যে নির্বাচন করবেন।	ইউপি চেয়ারম্যানগণ
০৪	আগামী ১১/০৯/২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় একযোগে সমগ্র উপজেলায় নির্বাচিত রাস্তার পাশে তালগাছের চারা রোপন করা হবে। চারা রোপনের পূর্বে প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করে গর্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্যগণ/ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
০৫	তালগাছের চারা রোপন এবং পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ বিষয়ে স্থানীয় উপসহকারি কৃষি কর্মকর্তা ইউনিয়ন পরিষদকে সার্বিক পরামর্শ প্রদান করবেন।	উপজেলা কৃষি কর্মকর্তা
০৬	এ বছর হতে সকল স্থানীয় নার্সারি কর্তৃপক্ষ তালের চারা উৎপাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	স্থানীয় নার্সারি মালিকগণ
০৭	দাগনভূঞা পৌরসভার কাউন্সিলরগণ নিজ এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে তালের বিচি সংগ্রহ করে পৌরসভা কার্যালয়ে জমা করবেন এবং মেয়র কর্তৃক নির্বাচিত রাস্তায় উল্লেখিত তারিখে চারা রোপন করবেন।	মেয়র, দাগনভূঞা, পৌরসভা

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



28.08.2017

(মোঃ সাইফুল ইসলাম ভূঞা)

উপজেলা নির্বাহী অফিসার

দাগনভূঞা, ফেনী।